রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৩১—৯৪৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৬৭৭—২৬৯১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩০৯—৩১৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৩৩—২২৬৭ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১/১৮ নভেম্বর ২০২৪

নং ০৩.০০.০০০১.০৮২.৪৭.৪৪.২৪-১০৭৬—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৮ মার্চ ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১৫.০২৫.১২-৩০ নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে এ কার্যালয়ের নিম্নেবর্ণিত কর্মকর্তাকে উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২০-এর ০৪(২) উপ-বিধি অনুযায়ী আত্তীকরণ না হওয়া পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা ও সরকারি চাকরির অন্যান্য সুবিধা প্রদানের লক্ষ্যে সুপারনিউমেরারী পদটি ভূতাপেক্ষভাবে নিম্নেবর্ণিত শর্তে সৃজন করা হলো:

| ক্রম | নাম ও বর্তমান পদবি | বেতনক্রমে |
|---|---|---|
| ০১ | জনাব রাকিব আহমেদ,<br>সহকারী পরিচালক (পরিবহন) | ২২০০০—৫৩০৬০/- টাকা বেতনক্রমে<br>(গ্রেড-৯ম, ১ম শ্রেণি) |

**শর্তাবলি:**

(ক) সুপারনিউমেরারী পদটি আত্তীকৃত না হওয়া (২৫-০৭-২০১২ থেকে ২৬-০১-২০২৩) তারিখ পর্যন্ত এ আদেশ কার্যকর থাকবে;

(খ) জনাব রাকিব আহমেদ, সহকারী পরিচালক (পরিবহন) পদে বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য চাকরিগত সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে এ আদেশ জারি করা হলো;

(গ) এ আদেশ সরকারি কর্মকর্তাদের জন্য সুপারনিউমেরারী পদ সৃজন সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৩। তিনি এ কার্যালয়ের সহকারী পরিচালক (পরিবহন) পদে ভূতাপেক্ষভাবে সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা এবং সরকারি চাকরির অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. কে.এম. মনিরুজ্জামান**
পরিচালক (প্রশাসন)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিশেষায়িত ব্যাংক-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪৩১/১৭ নভেম্বর ২০২৪

নং **৫৩.০০.০০০০.৩২২.০২.০৩.১৯-৭২**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ৭(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুমোদিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকা হতে ২০০০ (দুই হাজার) কোটি টাকা এবং ৮(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ব্যাংকের পরিশোধিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকা হতে ১৩০০ (এক হাজার তিনশত) কোটি টাকায় উন্নীত করা হল।

ব্যাংকের উদ্বৃত্তপত্রের অন্যান্য দায় খাতে সংরক্ষিত সরকার কর্তৃক ইতোমধ্যে পরিশোধিত ৫০০ কোটি টাকা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২৮-০২-২০২৩ তারিখের ৩১৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক ইতোমধ্যে পরিশোধিত ২০০ কোটি ও প্রতিশ্রুত ১০০ কোটি টাকা আদায়পূর্বক পরিশোধিত মূলধন হিসাবে সমন্বয় করতে হবে।

১৩০০ (এক হাজার তিনশত) কোটি টাকা পরিশোধিত মূলধন এর বিপরীতে ব্যাংক কর্তৃক সরকার ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর অনুকূলে প্রয়োজনীয় সংখ্যক শেয়ার ইস্যু করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মামুনুর রশীদ**
উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.৪০.০০৩.১৭-১৮৪**—আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের প্রজ্ঞাপন নংঃ ৫৩.০০. ০০০০.৩১১.৪০.০০৩.১৭-১২৬ এর মাধ্যমে গঠিত বিদেশে পাচারকৃত সম্পদ বাংলাদেশে ফেরত আনা ও ব্যবস্থাপনার লক্ষ্যে গঠিত আন্তঃসংস্থা টাস্কফোর্স সরকার নিম্নরূপে পুনর্গঠন করলোঃ

**সভাপতি**

(০১) গর্ভনর, বাংলাদেশ ব্যাংক

**সদস্যবৃন্দ**

(০২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৩) পররাষ্ট্র মন্ত্রণালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৪) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৫) আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৬) দুর্নীতি দমন কমিশন-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৭) অপরাধ তদন্ত বিভাগ, বাংলাদেশ পুলিশ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৮) এটর্নি জেনারেল এর কার্যালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৯) কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড- এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১০) সেন্ট্রাল ইন্টিলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড-এর একজন উপযুক্ত প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১১) বিএফআইইউ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(খ) টাস্কফোর্স এর কার্যপরিধি নিম্নরূপ:

- বাংলাদেশ হতে বিদেশে পাচারকৃত অর্থ বা সম্পদ চিহ্নিতকরণ ও তদন্তে সংশ্লিষ্ট পক্ষকে সহযোগিতা প্রদান;
- পাচারকৃত সম্পদ উদ্ধারে দায়েরকৃত মামলাসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা চিহ্নিত করা ও তা দূরীকরণের উদ্যোগ গ্রহণ;
- বিদেশে পাচারকৃত সম্পদ বাংলাদেশে ফেরত আনার উদ্যোগ গ্রহণ;
- জব্দ বা উদ্ধারকৃত সম্পদের ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- এ বিষয়ে সংশ্লিষ্ট দেশ, বিদেশি সংস্থার সাথে যোগাযোগ, তথ্য আহরণ; এবং
- পাচারকৃত সম্পদ উদ্ধারে সংশ্লিষ্ট পক্ষের সক্ষমতা বৃদ্ধি ও অভ্যন্তরীণ সমন্বয় সাধন।

গ) টাস্কফোর্স প্রয়োজনে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কোনো দেশি-বিদেশি সংস্থার প্রতিনিধি বা বিশেষজ্ঞকে সভায় উপস্থিত হওয়াসহ বিশেষজ্ঞ মতামত/পরামর্শ প্রদানের অনুরোধ করতে পারবে।

(ঘ) জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, টাস্কফোর্সের কার্যাবলি সমন্বয় করবেন এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) টাস্কফোর্সকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১/১২ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২২.২০২৪-৫৯২**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ নাজমুল করিম, বিপি-৭৫০২০২৮৭৩৩, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা থানার, অফিসার ইনচার্জ, (নিরস্ত্র পুলিশ পরিদর্শক) হিসেবে কর্মরত থাকা অবস্থায় গত ০২-০১-২০১৮ তারিখে সংঘটিত ঘটনায় ০৩-০১-২০১৮ তারিখ মৃতার শ্বশুরকে বাদী করে অপমৃত্যু মামলা রুজু করেন। গত ২৮-০২-২০১৮ তারিখে পিআরএলগামী এসআই (নিঃ)-কে অভিযুক্ত মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন। লাশ ময়না তদন্তের জন্য হাসপাতালে থাকা অবস্থায় কর্তব্যরত ডাক্তার সুরতহাল প্রস্তুতকারী কর্মকর্তা এসআই (নিঃ) ইউসুফ আলী ফকিরকে মোবাইল ফোনে মৃতা শরীফা বেগম এর তলপেটে আঘাতের কারণে মৃত্যু হয়েছে বলে জানান। উক্ত এসআই (নিঃ) ডাক্তারের সাথে মোবাইল ফোনে কথোপকথনের বিষয়টি তাৎক্ষণিকভাবে আপনাকে অবহিত করলে আপনি বিষয়টির প্রতি  কোনো গুরুত্ব আরোপ না করে ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সুরতহাল প্রস্তুতকারী অফিসারকে জানান। মৃতা ভিকটিমের শ্বশুর ও ননদ প্রায়শই বিভিন্নভাবে মৃতাকে নির্যাতনসহ প্রবাসী স্বামীর সাথে মোবাইল ফোনে কথা বলতেও দিতেন না এবং ঘটনার দিন মৃতা অন্য একটি ঘরে রাত্রি যাপনের বিষয়টি আপনি আমলে নেননি। আপনি উল্লিখিত বিষয়গুলি বিচক্ষণতা ও সতর্কতার সাথে যাচাই বাছাই না করে মৃতার মা বাবা ও আপনজনকে জিজ্ঞাসাবাদ পূর্বক নিয়মিত মামলা রুজু না করে পরোক্ষভাবে অপরাধীদের আইনের আওতায় আনা হতে বিরত থাকেন। তৎপ্রেক্ষিতে আপনি জনাব মোহাম্মদ নাজমুল করিম, (বিপি-৭৫০২০২৮৭৩৩) ফরিদপুর জেলার আলফাডাঙ্গা থানার সাবেক অফিসার ইনচার্জ, (নিরস্ত্র পুলিশ পরিদর্শক)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' হিসেবে ০১ (এক) বছরের জন্য "নিম্নপদে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ০৯-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক আপনি দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণের বিষয়ে দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে হস্তক্ষেপ করার কোনো কারণ নেই; এবং

৪। যেহেতু, অভিযোগের ধরন, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচার প্রতিষ্ঠার নিমিত্ত উক্ত দণ্ড হ্রাস করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়;

৫। সেহেতু, জনাব মোহাম্মদ নাজমুল করিম, বিপি-৭৫০২০২৮৭৩৩, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা থানার সাবেক অফিসার ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক ০১ (এক) বছরের জন্য "নিম্নপদে অবনমিতকরণ" আদেশ পরিবর্তনপূর্বক বিধি-৪(২)(খ) মোতাবেক 'লঘুদণ্ড' ০১(এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯১.২০২৪-৫৯৩**—যেহেতু, আপনি নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব সুব্রত কুমার পোদ্দার (বিপি-৭৫৯৫০৩৭৩১৫) বর্তমানে ডিএমপি, ঢাকায় ডেমরা থানায় পুলিশ পরিদর্শক (অপারেশন) হিসেবে কর্মরত। ইতোপূর্বে আপনি জিএমপি, গাজীপুর এর টঙ্গীপূর্ব থানায় ইন্সপেক্টর (অপারেশন) হিসেবে কর্মরত থাকাকালে সিটিএসবি, জিএমপি, গাজীপুর এর স্মারক নং-১১১৮৬, তারিখ: ১৩-১০-২০১৯ খ্রিঃ মূলে আপনি গত ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে কাশিমপুর হাইসিকিউরিটি এবং কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ হতে ০৩ (তিন) জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত হরকাতুল জিহাদ ও ০৪ (চার) জন জেএমবির শীর্ষ বন্দীদের বিজ্ঞ বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ আদালত, ঢাকায় হাজির এবং হাজিরা শেষে কাশিমপুর কারাগারে ফেরৎ আনায়নের নিমিত্ত স্কট পার্টির কমান্ডার হিসেবে নিয়োজিত করা হয়। পার্টির কমান্ডার হিসেবে ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখ সকাল ০৬:৩০ ঘটিকার সময় কাশিমপুর হাইসিকিউরিটি ও কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২-এ হাজির হয়ে উপরোক্ত আসামিদের বুঝে নেওয়ার কথা থাকলেও আপনি কাশিমপুর কারাগারে উপস্থিত হয়ে উপরোক্ত আসামিদের বুঝে নেননি। আপনার অনুপস্থিতিতে পুলিশ লাইন্স, জিএমপি, গাজীপুরে কর্মরত এএসআই (সঃ)/৭৪ মোঃ আনোয়ার হোসেন কাশিমপুর কারাগার থেকে আসামীদের বুঝে নিয়ে টঙ্গী পূর্ব থানাধীন স্টেশন রোডে পৌঁছলে আপনি স্কট পার্টির গাড়ীতে উঠে আদালতের উদ্দেশ্যে রওনা দিয়ে বিজ্ঞ বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ আদালত, ঢাকায় গারদ খানায় আসামি বুঝিয়ে না দিয়ে ডিউটিস্থান ত্যাগ করেন। পরবর্তীতে আসামিদের বিজ্ঞ আদালতের হাজিরা শেষে ফেরৎ আসার সময়ও আপনাকে খুজে পাওয়া যায়নি। উক্ত বিষয়টি এএসআই (সঃ)/৭৪ মোঃ আনোয়ার হোসেন আরআই, পুলিশ লাইন্স, জিএমপি, গাজীপুরকে অবহিত করেন। আপনার অনুপস্থিতিতে এএসআই (সঃ)/৭৪ মোঃ আনোয়ার হোসেন আসামিদের বুঝে নিয়ে গাজীপুরের উদ্দেশ্যে রওনা হলে ঢাকার মিন্টু রোডস্থ ডিবি কার্যালয়ের সামনে থেকে আপনি স্কট পার্টির গাড়িতে উঠে আসামিদের স্কট করে কাশিমপুর কারাগারে পৌছে বুঝিয়ে দেন। আপনি একজন সু-শৃঙ্খল পুলিশ বাহিনীর প্রশিক্ষিত কর্মকর্তা হওয়া সত্ত্বেও সম্পূর্ণ নিয়ম শৃঙ্খলা জেনেও গত ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে কাশিমপুর হাইসিকিউরিটি ও কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ হতে ০৩ (তিন) জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত হরকাতুল জিহাদ ও ০৪ (চার) জন জেএমবির গুরুত্বপূর্ণ স্কর্ট ডিউটিতে নিয়োজিত হয়ে আপনি নিজে উপস্থিত না হয়ে অধঃস্থনদের দ্বারা আসামি বুঝে নেওয়া এবং কোর্টে বুঝিয়ে না দিয়ে ব্যক্তিগত কাজে অন্যত্র চলে যাওয়া ও পরবর্তীতে আদালতের কার্যক্রম শেষে গারদ খানা হতে আসামি বুঝে নেয়ার সময় উপস্থিত না থেকে অধঃস্তনদের দ্বারা আসামি স্কট করা যা একজন দায়িত্বশীল পুলিশ কর্মকর্তার নিকট হতে কোনোভাবে কাম্য নয়। যা আপনার অদক্ষতা, কর্তব্য কর্মে চরম অবহেলা, উদাসীনতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য তথা অসদাচরনের শামিল। বিষয়টি প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী আগামী ০১ (এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয় আপনি আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ১৬-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসেবে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণের বিষয়ে দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, আপনি নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব সুব্রত কুমার পোদ্দার (বিপি-৭৫৯৫০৩৭৩১৫) বর্তমানে ডিএমপি, ঢাকায় ডেমরা থানায় পুলিশ পরিদর্শক (অপারেশন)-এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক প্রদত্ত ০১(এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" আদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯২.২০২৪-৫৯৪**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আফজাল হোসাইন (বিপি-৭৮০৬১১১৪৩৬) ওসি, গোয়েন্দা শাখা, ব্রাহ্মণবাড়িয়া (সাবেক পুলিশ পরিদর্শক, গোয়েন্দা শাখা, গাজীপুর) এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ, আপনি ওসি, গোয়েন্দা শাখা, গাজীপুর হিসেবে দায়িত্ব পালনকালে গত ২০-০৯-২০১৯ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ০১:৩০ ঘটিকায় সঙ্গীয় এসআই সুব্রত রায় এবং এসআই কাজী শাওনসহ নয়াপাড়া (জয়না বাজার), বলদিঘাট, কাওরাইদ থানা শ্রীপুর, গাজীপুর হতে (১) কামরুল হাসান মন্ডল (২) মোঃ আব্দুল হাই বেপারী (৩) মোঃ জাহাঙ্গীর আলম (৪) ফেরদৌস মীর'দের গ্রেফতার করে ডিবি, গাজীপুর অফিসে নিয়ে যায়; দ্বিতীয়তঃ উক্ত অফিসে পূর্ব হতে আটককৃত জনাব মোঃ আরিফ হোসেন (৩৫), পিতা-নুরুল হক, সাং-যুগিরছিট, থানা-শ্রীপুর, জেলা-গাজীপুর' কে জোরপূর্বক বাদী করে শ্রীপুর থানা চাঁদাবাজি ও প্রাণনাশের হুমকি প্রদান সংক্রান্ত মামলা নং-৭৪, তাং: ২১-০৯-২০১৯ খ্রিঃ ধারা ৩৮৫/৩৮৬/৫০৬ পেনাল কোড মামলা রুজু করতঃ বর্ণিত আসামীদের জেল হাজতে প্রেরণ করেন। আরিফ হোসেন ২৩-০৯-২০১৯ খ্রিঃ তারিখ আইনজীবীর মাধ্যমে বিজ্ঞ আদালতে চাঁদা দাবী এবং প্রাণনাশের হুমকি প্রদানের বিষয় সঠিক নয় এবং আপনি জোরপূর্বক উক্ত মামলায় বাদী বানানো হয়েছে মর্মে হলফনামা দাখিল করলে বিজ্ঞ আদালত গত ২৮-০৯-২০১৯ খ্রিঃ তারিখ উল্লিখিত আসামীদের জামিন মঞ্জুর করেন। ওসি, ডিবি হিসেবে দায়িত্ব পালনকালে গত ১৯-০৯-২০১৯ খ্রিঃ তারিখে আরিফ হোসেন ও জুয়েল এবং গত ২০-০৯-২০১৯ খ্রিঃ তারিখ রাত ০১·৩০ ঘটিকায় উল্লিখিত ব্যক্তিদের উদ্দেশ্য প্রণোদিতভাবে আটক করে গোয়েন্দা শাখা, গাজীপুর-এ নিয়ে আসেন। অতঃপর গোয়েন্দা শাখায় পূর্ব হতে আটককৃত আরিফ হোসেন (৩৫)' কে ভয়ভীতি দেখিয়ে বাদী করে উল্লিখিত কামরুল গংদের বিরুদ্ধে চাঁদাবাজি এবং জীবননাশের হুমকি প্রদান সংক্রান্তে শ্রীপুর থানার মামলা নং-৭৪/২০১৯ ধারা-৩৮৫/৩৮৬/৫০৬ পেনাল কোড মামলা রুজু করতঃ আরিফ হোসেন' কে গোয়েন্দা শাখা হতে ছেড়ে দেন এবং কামরুল হাসান মন্ডল গংদের জেল হাজতে প্রেরণ করেন। আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে "০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ০৯-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার অভিযোগ বিষয়টি গ্রহণযোগ্য নয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথার্থ হবে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব মোহাম্মদ আফজাল হোসেন (বিপি-৭৮০৬১১১৪৩৬), বর্তমানে অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, ব্রাহ্মণবাড়িয়া জেলা- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসাবে ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডাদেশ হ্রাস করে "লঘুদণ্ড" হিসাবে ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১০১.২৪-৫৯৫**—যেহেতু, আপনি জনাব এ কে এম লিয়াকত আলী, (বিপি-৭০৯৩০১০২৩৯), রংপুর রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক (বর্তমানে কোর্ট পুলিশ পরিদর্শক, দিনাজপুর জেলা) কর্মকালে আপনি সিলেট জেলা হতে রংপুর রেঞ্জে বদলির আদেশ প্রাপ্ত হলে রংপুর রেঞ্জে যোগদানের উদ্দেশ্যে গত ৬-৪-২০২২ খ্রিঃ অপরাহ্ণে দায়িত্বভার অর্পণ করেন। দায়িত্বভার অর্পণের পর যোগদানকাল প্রাপ্য অনুযায়ী গত ১৯-৪-২০২২ খ্রিঃ রংপুর রেঞ্জ অফিসে যোগদান করার কথা থাকলেও তিনি যথাসময়ে যোগদান না করে ২৬ দিন বিলম্বে গত ১৬-৫-২০২২ খ্রিঃ পূর্বাহ্ণে রংপুর রেঞ্জ অফিসে যোগদান করেন। আপনার এহেন কার্যকলাপ দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থী তথা অসদাচরণের শামিল। সার্বিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ০৬-১১-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের সপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিজেকে নির্দোষ দাবি করত অভিযোগের দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

৪। সেহেতু, আপনি জনাব এ কে এম লিয়াকত আলী (বিপি-৭০৯৩০১০২৩৯) বর্তমানে কোর্ট পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), দিনাজপুর জেলা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ডাদেশ প্রত্যাহার করে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১০৪.২০২৪-৫৯৬**—যেহেতু, আপনি জনাব মোঃ আবুল কালাম আজাদ (বিপি-৬৯৯৩০৬৬৮৬৭) নওগাঁ জেলা বিশেষ শাখার সাবেক পুলিশ পরিদর্শক বর্তমানে আরএমপি, রাজশাহীতে কর্মকালে ভিআর তদন্তের দায়িত্ব প্রদান করা হলে আপনি নিজে ভিআর তদন্তে না গিয়ে এএসআই মোঃ লাইছুর রহমান, জেলা বিশেষ শাখা, নওগাঁ কে প্রেরণ করেন। এএসআই লাইছুর অভিযোগকারিণীর নিকট থেকে ১৫০০০/- টাকা গ্রহণের বিষয়টি আপনি জানার সাথে সাথে ফেরত দেয়ার এএসআই লাইছুর অভিযোগকারিনীর বাবাকে ফোন করে টাকা ফেরত নিয়ে যেতে বললেও তা ফেরত দিতে ৪/৫ দিন বিলম্ব হয়। এক্ষেত্রে আপনার অধীনস্তের কাজ তদারকিতে গাফিলতি পরিলক্ষিত হয়েছে। এ অভিযোগে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ১(ক) মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ০৬-১১-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের সপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

৪। সেহেতু, আপনি জনাব মোঃ আবুল কালাম আজাদ, বিপি-৬৯৯৩০৬৬৮৬৭, নওগাঁ জেলা বিশেষ শাখার সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক (বর্তমানে প্রটেকশন এন্ড প্রটোকল বিভাগ, আরএমপি, রাজশাহীতে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(১)(ক) অনুযায়ী উপ-বিধি (২) (খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে আগামী প্রাপ্য তারিখ হতে ০১ (এক)টি বাৎসরিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার আদেশ প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৫.২০২৪-৫৯৭**—যেহেতু, আপনি জনাব মোঃ আলী আজম, উপজেলা প্রশিক্ষক, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, পীরগাছা, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগে আপনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের রেজুলেশন অনুযায়ী উক্ত দিবসটিতে উপজেলাধীন সকল সরকারি, বেসরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত থাকার নির্দেশনা সত্ত্বেও আপনি উপজেলা প্রশিক্ষক, পীরগাছা, রংপুর একজন প্রজাতন্ত্রের কর্মচারী হিসাবে রাষ্ট্রীয় কর্মসূচিতে উপস্থিত হতে ব্যর্থ হন। সার্কেল অ্যাডজুট্যান্ট, জনাব রাসেল আহমেদ গত ১৭-০৪-২০২৩ খ্রি. তারিখ ভোর ০৫.০০ ঘটিকায় আপনার উপস্থিতি এবং ছবি আনসার ও ভিডিপি রংপুর এর হোয়াটস অ্যাপ গ্রুপে অব্যর্থভাবে প্রেরণের নির্দেশনা জানিয়ে দেন। আপনি স্থানীয় প্রশাসনের সাথে সকল রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ করার বিষয়ে লিখিত জবানবন্দিতে উল্লেখ করেন যে, আপনি গত ১৬-০৩-২০২৩ খ্রি. তারিখে জ্বর ও ডায়রিয়া আক্রান্ত হন, যা আপনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি। এতে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দিবসের প্রতি অবহেলা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অমান্যের বিষয়টি পরিলক্ষিত হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) এর মোতাবেক "০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আাপনি আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী ১৬-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের সপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ দণ্ড মওকুফের প্রার্থণা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, আপনার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য, সকল তথ্য উল্লেখ থাকায় ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, আপনি জনাব মোঃ আলী আজম, উপজেলা প্রশিক্ষক, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, পীরগাছা, রংপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) এর মোতাবেক "০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডাদেশ সার্বিক পর্যালোচনায় মওকুফ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৮৩.২০২৪-৫৯৮**—যেহেতু, আপনি জনাব ডাঃ সহিদ হোসেন মোঃ নুর আফজাল (সিআইভি-৭৩০৪১৫৭৩৪৮), সহকারী সার্জন, বিভাগীয় পুলিশ হাসপাতাল, আরএমপি, রাজশাহীতে কর্মরত। আপনি ০১-০১-২০০৪ হতে ১০-১১-২০২১ তারিখ পর্যন্ত বিভাগীয় পুলিশ হাসপাতাল, খুলনায় কর্মরত থাকাকালীন এমএস ডিগ্রির সার্টিফিকেট বিএমডিসি কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত না হওয়া সত্ত্বেও সাধারণ রোগীদের অর্থোপেডিক্স সংক্রান্ত চিকিৎসা ও অপারেশন করে তাদের ক্ষতিগ্রস্ত করেছেন। পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা পত্রের মাধ্যমে অর্থোপেডিক্স রোগের চিকিৎসা প্রদান থেকে বিরত থাকতে নির্দেশ প্রদান করা সত্ত্বেও আপনি অমান্য করেছেন। আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিভাগীয় পুলিশ হাসপাতাল, খুলনার কম্পাউন্ডে সরকারি কোয়ার্টারের নিচতলার একটি কক্ষে রোগীদের চিকিৎসা প্রদান করেছেন। বিভাগীয় পুলিশ হাসপাতাল, খুলনায় কর্মরত সোশ্যাল ওয়েলফেয়ার অফিসার মোঃ জাহিদুর রহমান কোনো ডিগ্রিধারী ডাক্তার না হওয়া সত্ত্বেও আপনি তাকে (মোঃ জাহিদুর রহমান) স্লিপে/প্রেসক্রিপশনে ঔষধের নাম লিপিবদ্ধ করার দায়িত্ব অর্পণ করেছেন এবং বিভাগীয় পুলিশ হাসপাতাল, কেএমপি, খুলনা থেকে ইস্যু করা স্লিপ ও চিকিৎসা বহি পর্যালোচনায় ঔষধ বিতরণে অনিয়ম করেছেন। উপরোক্ত অভিযোগসমূহের ভিত্তিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়; এবং

২। যেহেতু, আপনি কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তৎপ্রেক্ষিতে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। আপনার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনায় আপনার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় এবং অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্তক্রমে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৩। সেহেতু, সার্বিক পর্যালোচনান্তে জনাব ডাঃ সহিদ হোসেন মোঃ নুর আফজাল (সিআইভি-৭৩০৪১৫৭৩৪৮), সহকারী সার্জন, বিভাগীয় পুলিশ হাসপাতাল, আরএমপি, রাজশাহী, সাবেক ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক, বিভাগীয় পুলিশ হাসপাতাল, খুলনা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অপরাধের গুরুত্ব বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১০৫.২০২৪-৫৯৯**—যেহেতু, আপনি জনাব সৈয়দ আল মামুন (বিপি-৭৭০২০০৬২৩১), বর্তমানে অফিসার ইনচার্জ, কোটচাঁদপুর মডেল থানা, ঝিনাইদহ, সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) হিসেবে কেএমপি, খুলনায় কর্মরত থাকাকালীন গত ২১-০৭-২০১৭ ও ২২-০৭-২০১৭ তারিখ ২ (দুই) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে গরহাজির ছিলেন এবং গত ২৭-০৭-২০১৭ হতে ১৭-০৯-২০১৭ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটিতে অতিবাস করেন। আপনার বিরুদ্ধে কর্মস্থলে গরহাজির থেকে নড়াইলে যৌতুকের দাবিতে আপনার স্ত্রী ফাতেমা আক্তার শিখাকে মারধর করার অভিযোগে লোহাগড়া থানার মামলা নং-৪৭, তারিখ: ২৩-০৭-২০১৭, ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত/০৩) এর ১১(গ) রুজু হয়। মামলাটি তদন্ত ও সাক্ষ্য প্রমাণে আপনার বিরুদ্ধে ১০ লক্ষ টাকা যৌতুকের দাবি এবং যৌতুকের টাকা দিতে অস্বীকার করায় স্ত্রীকে মারপিট করার অভিযোগের মধ্যে যৌতুকের অভিযোগটি প্রাথমিক তদন্তে প্রমাণিত না হলেও আপনার স্ত্রী ফাতেমা আক্তার শিখা তার জবানবন্দিতে উল্লেখ করেন যে, আপনি ঘটনার দিন স্ত্রীকে মারপিট করেন, এ কারণে আপনার স্ত্রী লোহাগড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন, ৪ (চার) দিন চিকিৎসা গ্রহণ করেন এবং পরবর্তীতে থানায় গিয়ে মামলা করেন। পরবর্তীতে "নড়াইলে যৌতুকের দাবিতে স্ত্রীকে পেটালেন পুলিশ কর্মকর্তা" শিরোনামে গত ২৪ জুলাই ২০১৭ তারিখ দৈনিক পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। এতে পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে।

২। যেহেতু, আপনি কেএমপি, খুলনায় প্রসিকিউশন শাখায় কর্মরত থাকাকালীন জনৈক গণেশ চন্দ্র মৃধা জমিজমা সংক্রান্ত বিরোধের কারণে বাদী হয়ে তার গ্রামের বিবাদী তন্ময় জোয়াদ্দারসহ ১০ জনের বিরুদ্ধে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালত 'খ' অঞ্চল, খুলনায় একটি মামলা করেন। গত ২০-০৪-২০১৭ তারিখ মামলার রায়ের দিন ছিল। জনৈক গণেশ যথাসময়ে বিজ্ঞ আদালতে হাজিরা দেন। মামলার রায় জনৈক গণেশের পক্ষে হয়। রায়ের পর বাড়ি ফেরার পথে অজ্ঞাতনামা ২ ব্যক্তি তাকে ফৌজদারি কোর্ট বাউন্ডারির ভিতর ডেকে নিয়ে আসার পথে সামনে পড়লে আপনি জনৈক গণেশের হাতে থাকা ব্যাগটি হাতে নিয়ে ঝাড়া দেন। তখন ব্যাগ থেকে কোর্টের কাগজপত্র, একটি ডাইরী ও টর্চলাইট নিচে পড়ে যায়। আপনি ঐ সময় ব্যাগের ভিতর কোনো গাঁজা পাননি। আপনি জনৈক গণেশকে প্রসিকউশন শাখার সহকারী পুলিশ কমিশনার জনাব মোঃ হুমায়ুন কবিরের নিকট ২ (দুই) পুরিয়া গাঁজাসহ উপস্থাপন করেন। আপনি জনৈক গণেশের বিবাদী তন্ময় জোয়াদ্দারসহ অজ্ঞাতনামা ব্যক্তি দ্বারা প্রভাবিত হয়ে জনৈক গণেশকে বিপদে ফেলে অবৈধভাবে আর্থিক লাভের চেষ্টা করেন, যা বিভাগীয় মামলা তদন্তকালে প্রমাণিত হয়। আপনি জনাব সৈয়দ আল মামুন (বিপি-৭৭০২০০৬২৩১), বর্তমানে অফিসার ইনচার্জ, কোটচাঁদপুর মডেল থানা, ঝিনাইদহ, সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), কেএমপি, খুলনা- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) মোতাবেক "গুরুদণ্ড" হিসেবে "৩ বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

৩। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ০৬-১১-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের সপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের দণ্ড মওকুফের প্রার্থণা করেন; এবং

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের ধরন, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচার প্রতিষ্ঠার নিমিত্ত উক্ত দণ্ড হ্রাস করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়;

৫। সেহেতু, জনাব সৈয়দ আল মামুন (বিপি-৭৭০২০০৬২৩১), বর্তমানে অফিসার ইনচার্জ, কোটচাঁদপুর মডেল থানা, ঝিনাইদহ, সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) কেএমপি, খুলনা-এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) মোতাবেক "গুরুদণ্ড" হিসেবে "৩ বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক "১ বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৩.২৪-৬০০**—যেহেতু, আপনি জনাব মোঃ ফরিদ আহম্মেদ (বিপি-৬৭৯০০১০৫০৫) বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার, অ্যাডমিন অ্যান্ড লজিস্টিকস, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন বিভাগ), ডিএমপি, ঢাকা গত ১১-০৮-২০২২ তারিখ হতে ১৪-০১-২০২৩ তারিখ পর্যন্ত প্রসিকিউশন বিভাগে কর্মরত থাকাকালীন গত ২০-১১-২০২২ তারিখ কাশিমপুর কারাগার থেকে ৮ জন সাজাপ্রাপ্ত জঙ্গী সদস্যকে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদস্যরা স্কর্ট করে বিজ্ঞ সিএমএম কোর্ট, ঢাকার হাজতখানায় ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের নিকট বুঝিয়ে দেয়। ঐ দিন উক্ত ৮ জন জঙ্গীসহ মোট ১৪ জন জঙ্গী সদস্যকে সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল আদালতে হাজির করা হয়। ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের ৪ জন্য পুলিশ সদস্য এই ১৪ জন জঙ্গীকে বিজ্ঞ আদালতে হাজির করে। বিজ্ঞ আদালতের কার্যক্রম শেষে উক্ত ১৪ জন আসামীর মধ্য থেকে জাগৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী ফয়সাল আরেফিন দীপন ও ব্লগার অভিজিৎ রায় হত্যা মামলায় দণ্ডপ্রাপ্ত ৪ জন সদস্যকে পুলিশ কনস্টেবল/৫১৯৮ মোঃ নূরে আজাদ একাকী হাজতখানায় ফিরিয়ে আনার জন্য বিজ্ঞ আদালত থেকে রওনা দেয়। হাজতখানায় নিয়ে আসার পথে আনুমানিক ১২:১৫ ঘটিকায় বিজ্ঞ সিজেএম আদালতের মেইন গেটে পৌঁছানোর আগেই কনস্টেবল মোঃ নূরে আজাদের চোখে পিপার স্প্রে করে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী ২ (দুই) জন জেএমবি সদস্যকে সহযোগীরা ছিনিয়ে নিয়ে যায়। এ সময় অন্য ২ জন জঙ্গী কনস্টেবল মোঃ নূরে আজাদকে মারপিট করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পরে কর্তব্যরত অন্যান্য পুলিশ সদস্যরা কনস্টেবল মোঃ নূরে আজাদকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে এবং পালিয়ে যাওয়ার চেষ্টা করা অপর ২ জন জঙ্গীকে আটক করে সিএমএম কোর্ট হাজতখানায় জমা দেয়। তিনি ডিসি প্রসিকিউশনের পক্ষে প্রশাসনিক বিষয়াদি দেখভাল করলেও বিজ্ঞ সন্ত্রাস দমন বিশেষ ট্রাইব্যুনাল, সিএমএম কোর্টসহ অন্যান্য আদালতে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মামলার আসামিদের বিষয়ে কোনো তথ্য উপাত্ত সংগ্রহ করেননি; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের বক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত ভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোঃ ফরিদ আহম্মেদ (বিপি-৬৭৯০০১০৫০৫) বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার, অ্যাডমিন অ্যান্ড লজিস্টিকস, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন বিভাগ) ডিএমপি, ঢাকা গত ১১-০৮-২০২২ তারিখ হতে ১৪-০১-২০২৩ তারিখ পর্যন্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## সংস্থা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১/১৮ নভেম্বর ২০২৪

নং **১৬.০০.০০০০.০২৭.৯৯.০০৬.২৩-১৫৭**—বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড গঠন করলেন:

| ক্র. নং | নাম | ট্রাস্টি বোর্ডের পদবি |
|---|---|---|
| ১. | মাননীয় উপদেষ্টা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান (পদাধিকার বলে) |
| ২. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য (পদাধিকার বলে) |
| ৩. | জনাব ভবেশ চাকমা, ফ্ল্যাট নং-১৪০৩, ভবন নং-১৬, জাপান গার্ডেন সিটি, রিং রোড, মোহাম্মদপুর, ঢাকা। | ভাইস চেয়ারম্যান |
| ৪. | প্রফেসর ড. সুকোমল বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় | ট্রাস্টি |
| ৫. | মেজর (অব) ডাঃ অজয় প্রকাশ চাকমা, উত্তরা, ঢাকা। | |
| ৬. | জনাব মং হলা চিং, জেদ্দা এম এম টাওয়ার, বাসা নং ৩৬বি, রোড নং ০২, কাতালগঞ্জ আ/এ, পোঃ চকবাজার, পাঁচলাইশ, চট্টগ্রাম। | |
| ৭. | অধ্যাপিকা ববি বড়ুয়া, ৪৭ বৌদ্ধ মন্দির সড়ক, নন্দনকানন, কোতোয়ালী, চট্টগ্রাম। | |
| ৮. | জনাব রাজীব কান্তি বড়ুয়া, ৪৩০/১ সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা। | |
| ৯. | জনাব সুশীল চন্দ্র বড়ুয়া, বাড়ী নং ০৫, সেক্টর ০৩, উত্তরা, ঢাকা-১২০৩। | |
| ১০. | জনাব বুবেল বড়ুয়া, গ্রাম-মধ্যম জোয়ারা, উপজেলা-চন্দনাইশ, জেলা-চট্টগ্রাম। | |

২। ট্রাস্টি বোর্ড-এর মেয়াদকাল ১৬ নভেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

৩। উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে সরকার কোনো মনোনীত ট্রাস্টিকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবে। অনুরূপভাবে কোনো ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এইচ এম আক্তারুজ্জামান**

সহকারী সচিব।

---

## সংস্থা-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৪.১৮.২১৬.১৯-২২৪**—ইসলামিক ফাউন্ডেশন আইন, ১৯৭৫ এর ৬(১) ধারা মোতাবেক সরকার ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস নিম্নরূপভাবে গঠন করলেন:

| নং | সম্মানিত সদস্যের নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|
| (ক) | পদাধিকার বলে নিযুক্ত: | |
| ১. | মাননীয় উপদেষ্টা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | গভর্ণর |
| ৩. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | গভর্ণর |
| ৪. | ভাইস চ্যান্সেলর, ইসলামি বিশ্ববিদ্যালয় | গভর্ণর |
| ৫. | চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | গভর্ণর |
| ৬. | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য সচিব |
| (খ) | বাংলাদেশের প্রখ্যাত মুসলিম চিন্তাবিদ ও প্রাজ্ঞ আলেম-ওলামাদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত ০৫ (পাঁচ) ব্যক্তি | |
| ৭. | আওলাদে রাসূল (সা.) শায়েখ মাওলানা সাইয়েদ আনোয়ার হোসাইন তাহির জাবেরী, খতিব, আন্দরকিল্লাহ শাহী জামে মসজিদ, চট্টগ্রাম | গভর্ণর |
| ৮. | মাওলানা সৈয়দ মোহাম্মদ মোসাদ্দেক বিল্লাহ, আল মাদানি, অধ্যক্ষ, চরমোনাই আহছানাবাদ রশিদিয়া কামিল মাদ্রাসা, চরমোনাই, বরিশাল | গভর্ণর |
| ৯. | মাওলনা মাহফুজুল হক, মহাপরিচালক, জামেয়া রহমানিয়া আরাবিয়া, মোহাম্মদপুর, ঢাকা | গভর্ণর |
| ১০. | ড. খলিলুর রহমান মাদানী, ভাইস প্রিন্সিপাল, তামিরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা | গভর্ণর |
| ১১. | মাওলানা শাহ মো: নেছারুল হক, অধ্যক্ষ, ওয়ায়েজিয়া কামিল মাদরাসা, পটুয়াখালী | গভর্ণর |

২। পদাধিকারবলে নিযুক্ত গভর্নরসগণ ছাড়া অন্যান্য গভর্নরগণের মেয়াদ এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে ৩ (তিন) বছর অতিক্রান্ত হলেও তাঁর বা তাঁদের স্থলে সরকার নতুন গভর্নর মনোনয়ন না দেয়া পর্যন্ত তিনি তাঁর দায়িত্ব পালন করে যাবেন।

৩। সরকার প্রয়োজনবোধে যেকোনো সময় পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ছাড়া অন্যান্য গভর্নর বা গভর্নরগণের পরিবর্তন বা তাঁর/তাঁদের পদ শূন্য ঘোষণা করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এইচ এম আক্তারুজ্জামান**

সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/১৯ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৪.২৪.৪১১**—The state Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চুনিয়া | ২৩৩ | ১১৭৪ | ০৬ | মধুপুর | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ কার্তিক ১৪৩১/০৭ নভেম্বর ২০২৪

নং **৩৭.০০.০০০০.৯৫.২৭.০২৫.২০২২.৬২৮**—যেহেতু, জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর গত ১৪-০৭-২০২১ খ্রিস্টাব্দ থেকে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদপ্রেক্ষিতে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি;

যেহেতু, জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত সিদ্ধান্তে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৪.২০২২.৬২৯**—যেহেতু, জনাব আশরাফুল বাবু (০২৪৮২৮), প্রভাষক (গণিত), দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ, কুমিল্লা গত ০৩-০৮-২০১৮ তারিখ থেকে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদপ্রেক্ষিতে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি;

যেহেতু, জনাব আশরাফুল বাবু (০২৪৮২৮), প্রভাষক (গণিত), দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ, কুমিল্লা এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত সিদ্ধান্তে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব আশরাফুল বাবু (০২৪৮২৮), প্রভাষক (গণিত), দেবিদ্বার সুজাত আলী সরকারি কলেজ, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৬.২০২২.৬৩০**—যেহেতু, জনাব মো: আব্দুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাংগাইল গত ০৮-০৮-২০২২ খ্রিষ্টাব্দ থেকে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদপ্রেক্ষিতে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি;

যেহেতু, জনাব মো: আব্দুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাংগাইল এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত সিদ্ধান্তে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মো: আব্দুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাংগাইল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিদ্দিক জোবায়ের**
সিনিয়র সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**গবেষণা-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ কার্তিক ১৪৩১/২২ অক্টোবর ২০২৪

নং **১২.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.১৭-৩০৪**—বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭ এর ধারা ৭(১) এর বিধান অনুযায়ী নিম্নরূপে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর বোর্ড পুনর্গঠন করা হলো:

| নং | নিয়োগ সূত্র ধারা ৭(১) এর | বোর্ড সদস্যের নাম ও পদবি | বোর্ড পদবি |
|---|---|---|---|
| ০১ | (ক) | মহপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), জয়দেবপুর, গাজীপুর | চেয়ারম্যান |
| ০২ | (খ) | অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ০৩ | (গ) | উপসচিব, গবেষণা-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ০৪ | (ঘ) | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ০৫ | (ঙ) | কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অন্যূন পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ০৬ | (চ) | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)-এর একজন পরিচালক; | সদস্য |
| ০৭ | (ছ) | ড. মো: রফিকুল ইসলাম, চীফ সাইন্টিফিক অফিসার, সয়েল সায়েন্স বিভাগ, ব্রি, গাজীপুর। | সদস্য |
| ০৮ | (জ) | (১) ড. মো: আব্দুল বাকী, প্রাক্তন মহাপরিচালক, ব্রি, গাজীপুর। (কৃষি বিজ্ঞানী)<br>(২) জনাব এ.এস.এ. গোলাম হাফিজ, প্রফেসর, ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল ফাইনান্স এন্ড ব্যাংকিং, ফ্যাকাল্টি অব এগ্রিকালচারাল ইকোনমিক্স এন্ড রুরাল সোসিওলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। (সমাজ বিজ্ঞানী) | সদস্য |
| ০৯ | (ঝ) | (১) জনাব মো: গোলাম সোবাহানী, পিতা-হাবিবুর রহমান আকন্দ, গ্রাম-কামারপাড়া, উপজেলা-সোনাতলা, জেলা-বগুড়া। (কৃষক প্রতিনিধি)<br>(২) ইঞ্জি: মো: মঞ্জুরুল ইসলাম চৌধুরী, এক্সিকিউটিভ ডাইরেক্টর, গণ উন্নয়ন প্রচেষ্টা, ১৩ এ/৩ এ, বাবর রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা। (বেসরকারি প্রতিনিধি) | সদস্য |
| ১০ | (ঝ) | পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর। | সদস্য |
| ১১ | (ঞ) | ড. মো: আবদুল লতিফ, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), ব্রি, গাজীপুর। | সদস্য-সচিব |

২। উপর্যুক্ত (ছ) হতে (ঝ) এর অধীন মনোনীত সদস্যগণ এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বোর্ডের সদস্য পদে অধিষ্ঠিত থাকবেন।

৩। এ বিষয়ে ইতঃপূর্বে কৃষি মন্ত্রণালয়ের ০৮-০৫-২০১৮ তারিখের ১২.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.১৭-১৭০ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মনিরুজ্জামান**
উপসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১/১১ নভেম্বর ২০২৪

নং **০৫.০০.০০০০.২০৭.১৪.০০২.২৪-২৯১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে "পাবনা জেলায় ট্রেজারি ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে কমিটি গঠন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করার পরামর্শ দেওয়া হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১। | অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | **আহ্বায়ক** |
| ০২। | আইএমইডি'র একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৩। | ভৌত অবকাঠামো বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৪। | অর্থ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৫। | গণপূর্ত অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৬। | স্থাপত্য অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৭। | বিভাগীয় কমিশনার, রাজশাহী এর একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৮। | জেলা প্রশাসক, পাবনা এর একজন উপযুক্ত প্রতিনিধি | **সদস্য** |
| ০৯। | উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয় | **সদস্য-সচিব** |

**কমিটির কর্মপরিধি:**

(১) "পাবনা জেলায় ট্রেজারি ভবন নির্মাণ " প্রকল্পের ২য় তলায় ভল্ট রুম রাখা এবং ২০,০০০ বর্গমিটার স্পেস রাখার প্রয়োজনীয়তা যাচাইকরণ এবং

(২) বর্ণিত প্রকল্পের যে সব অঙ্গ রেট সিডিউলে অন্তরর্ভুক্ত নেই সেগুলো যাচাই-বাছাই করে যৌক্তিকীকরণ।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: লিয়াকত আলী সেখ**

উপসচিব।

---

**নবনিয়োগ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১/৩০ অক্টোবর ২০২৪

নং **০৫.০০.০০০০.১৪৭.৩২.০০৫.১৩-৩৭০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ ডিসেম্বর ২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩২.০০২. ১৩-২৫৮ নং প্রজ্ঞাপনমূলে ৩২তম বিসিএস এ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের নিয়োগ প্রজ্ঞাপনের ১(ছ) নং শর্ত নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

"সরকারী কর্ম কমিশন এর মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হয় বিধায় এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্তগণের জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রাখার স্বার্থে তাদের ব্যাচের নিয়োগপ্রাপ্তদের প্রথম যে তারিখে নিয়োগ প্রজ্ঞাপন জারি করা হয়েছিল সেই তারিখ হতে ভূতাপেক্ষিকভাবে নিয়োগ আদেশ কার্যকর হবে। তাদের মূল ব্যাচের যোগদানের তারিখ থেকে তাঁদের ধারণাগত জ্যেষ্ঠতা বজায় থাকবে। তবে এর ফলে তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ উজ্জল হোসেন**

সিনিয়র সহকারী সচিব।

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/১৩ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-১৮৫**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ধারা ৮(২) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক পদ হতে জনাব মৃত্যুঞ্জয় সাহা, সাবেক যুগ্মসচিব-কে এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-১৮৬**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১৪ অনুযায়ী জনাব মাকছুমা আকতার বানু, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে উক্ত ব্যাংকের পরিচালনা বোর্ডের পরিচালকের পদ হতে প্রত্যাহার করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-১৮৭**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ধারা ৭ অনুযায়ী জনাব মাকছুমা আকতার বানু, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**

উপসচিব।

---

**বীমা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১/১২ নভেম্বর ২০২৪

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-৩০০**—জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন এনডিসি, সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সদস্য পদ হতে পদত্যাগ ০৭-১১-২০২৪ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর করা হলো।

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-৩০১**—জনাব মোঃ দলিল উদ্দিন, সদস্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সদস্য পদ হতে পদত্যাগ ০৭-১১-২০২৪ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর করা হলো।

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-৩০২**—জনাব কামরুল হাসান, সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সদস্য পদ হতে পদত্যাগ ০৭-১১-২০২৪ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর করা হলো।

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-৩০৩**—জনাব মোঃ নজরুল ইসলাম, সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সদস্য পদ হতে পদত্যাগ ০৭-১১-২০২৪ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ হেলাল উদ্দিন**

যুগ্মসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩১/২২ সেপ্টেম্বর ২০২৪

নং **৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.২৪-২৫৫**—যেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ বরুন কুমার দত্ত (গ্রেডেশন নং-৯৩০), অধ্যক্ষ, ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি, নেত্রকোণা (প্রাক্তন পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) এর বিরুদ্ধে গত ১৩-০৬-২০২৪ খ্রিঃ তারিখ সন্ধ্যায় জনাব মোঃ আব্দুর রহমান এমপি, সাবেক মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর পরীবাগস্থ বাসায় লিফট থেকে নামার পূর্বে ডাঃ মলয় কুমার শূর, সাবেক পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (বর্তমানে চীফ সায়েন্টিফিক অফিসার, ভাইরোলজি অনুবিভাগ. ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা)-কে ডাঃ মোঃ আজিজুল ইসলাম (গ্রেডেশন নং-৯৪৯), জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক পরিকল্পিতভাবে শারীরিকভাবে রক্তাক্ত ও জখম করার ঘটনায় ইন্ধন প্রদান করেছেন মর্মে ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক, মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করেছেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে গত ০৭-০৮-২০২৪ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.২৪-২০৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তা জানতে চাওয়া হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করায় গত ০৩-০৯-২০২৪ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

৩। যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানি ও তৎসংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্র পর্যলোচনা এবং সার্বিক দিক বিবেচনায় প্রতীয়মান হয়, ডাঃ মোঃ আজিজুল ইসলাম (গ্রেডেশন নং-৯৪৯), জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক ডাঃ মলয় কুমার শূর, সাবেক পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (বর্তমানে চীফ সায়েন্টিফিক অফিসার, ভাইরোলজি অনুবিভাগ, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা)-কে পরিকল্পিতভাবে জখম করার ঘটনায় অভিযুক্ত কর্মকর্তা ইন্ধন প্রদান করেছেন এ মর্মে কোনো দালিলিক প্রমাণক পাওয়া যায়নি। তাছাড়া উক্ত ঘটনায় অভিযোগকারী একটি ফৌজদারী মামলা দায়ের করলেও বর্ণিত মামলায় অভিযুক্ত কর্মকর্তাকে আসামি কিংবা ইন্ধনদাতা হিসেবে উল্লেখ করেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী তার বিরুদ্ধে আনীত ‘অসদাচরণ’ এর অভিযোগ যুক্তিসংগতভাবে প্রমাণিত হয়নি; এবং

৪। সেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ বরুন কুমার দত্ত (গ্রেডেশন নং-৯৩০), অধ্যক্ষ, ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি, নেত্রকোণা (প্রাক্তন পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’ এর অভিযোগ যুক্তিসংগতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহিত প্রদান করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাঈদ মাহমুদ বেলাল হায়দার**

সচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/১৩ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০৫৬.১৮.০০১.২১.৭৫**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম হতে ই-নথি/ডি-নথি ও জাতীয় তথ্য বাতায়ন পরিচালনার জন্য উদ্ভূত ব্যয় নির্বাহের লক্ষ্যে অর্থ বিভাগের ০৯-০৫-২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.৯৯.০১৬.২৩.৮১ সংখ্যক পত্রের সম্মতিক্রমে নথি সিস্টেম এবং জাতীয় তথ্য বাতায়ন-এর সেবার মূল্য নিম্নরূপ নির্ধারণ করা হলো :

**(ক) নথি সিস্টেমের ০৫টি প্যাকেজের ফি নির্ধারণ :**

| সেবার নাম | প্যাকেজের নাম | প্যাকেজের বিবরণ | মাসিক ফি (টাকা) |
|---|---|---|---|
| Nothi System | Package 1 | Cost for offices' data size up to 50GB and other costs | 4,000 |
| | Package 2 | Cost for offices' data size between 50GB-100GB and other costs | 5,000 |
| | Package 3 | Cost for offices' data size between 100GB-150GB and other costs | 6,000 |
| | Package 4 | Cost for offices' data size between 150GB-200GB and other costs | 7,000 |
| | Package 5 | Cost for offices' data size between 200GB-250GB and other costs | 8,000 |
| • For every additional 100GB after 250GB, 1000 taka will be added to the regular price.<br>• The Price may change subject to changes in the total number of D-Nothi offices and the market rate. | | | |

**(খ) জাতীয় তথ্য বাতায়ন-এর প্যাকেজসমূহের ফি নির্ধারণ :**

<table>
<tr><td>সেবার নাম</td><td>প্যাকেজের নাম</td><td colspan="4">প্যাকেজের বিবরণ</td><td>মাসিক ফি (টাকা)</td></tr>
<tr><td rowspan="4">National Portal Framework (NPF) System</td><td>NPF_ Basic</td><td colspan="4">Cost for sites' data size up to 1GB and other costs</td><td>1,500</td></tr>
<tr><td>NPF_Standard</td><td colspan="4">Cost for sites' data size between 1GB-Up to 10 GB and other costs</td><td>4,500</td></tr>
<tr><td>NPF_Premium</td><td colspan="4">Cost for sites' data size between 10GB-Up to 25 GB and other costs</td><td>9,500</td></tr>
<tr><td colspan="5">After using of 25GB, for every additional 10GB,<br>the price will be added 100 BDT as Additional Price.</td><td></td></tr>
<tr><td colspan="7"></td></tr>
<tr><td rowspan="6">Additional Value-added Services for NPF</td><td rowspan="3">Customized Dedicated Domain</td><td>Domain</td><td>2 Years</td><td>3 Years</td><td>4 Years</td><td rowspan="6">This Price may change subject to changes in the market rate.</td></tr>
<tr><td>.bd</td><td>1,400</td><td>1,800</td><td>2,000</td></tr>
<tr><td>.বাংলা</td><td>1,800</td><td>2,400</td><td>2,800</td></tr>
<tr><td colspan="5"></td></tr>
<tr><td rowspan="3">Dedicated SSL</td><td colspan="3">Type</td><td>Per Year Cost</td></tr>
<tr><td colspan="3">Single Domain SSL</td><td>3,000/=</td></tr>
<tr><td></td><td colspan="3">Wild card SSL</td><td>10,000/=</td><td></td></tr>
<tr><td colspan="7">• Additional Value-added services will be provided as per request of the concerned organization/ organizations.</td></tr>
</table>

২। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা রওশন**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১৪ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.৪০৯**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | হলহালিয়া দেউন্দি | ২৮ | ৫০৪ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ |

২। ভূমি মন্ত্রণালয়ের ২০-০৪-২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.২৬৭ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপনের ৪ নং ক্রমিকের অংশটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।